# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 26 June, 2025

গাজীপুর মহানগরের বাসন থানার নাওজোর এলাকায় পুলিশের ওপর হামলা চালিয়ে চিহ্নিত আসামিকে ছিনিয়ে নিয়েছে স্থানীয় আওয়ামী লীগপন্থী সন্ত্রাসীরা।বুধবার (২৫ জুন) রাতে এ ঘটনায় আহত হয়েছেন বাসন থানার এসআই মোহাম্মদ আলী।তাকে শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়েছে।

পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, চাঁদাবাজি ও সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগে করা মামলার প্রধান আসামি রবিউল ইসলাম রবিকে গ্রেপ্তারে গেলে তার ভাই ও স্থানীয় সহযোগীরা পুলিশের ওপর হামলা চালায়।তারা এসআই মোহাম্মদ আলীকে মারধর করে চোখ-মুখ বেঁধে একটি বাসায় নিয়ে যায়।পরে এসআই আলী কোনোমতে দৌড়ে পালিয়ে আত্মরক্ষা করেন।

এসআই মোহাম্মদ আলী জানান, রবিসহ তার ভাইয়েরা স্থানীয় মুক্তিযোদ্ধা আব্দুল হামিদ ও আরও কয়েকজনের ওপর হামলা চালিয়ে এলাকায় চাঁদাবাজি ও সন্ত্রাস চালিয়ে আসছিল।তারা আওয়ামী রাজনীতির সঙ্গে জড়িত থাকলেও পট পরিবর্তনের পর বিএনপি নেতা তানভীর সিরাজের ছত্রছায়ায় □□□□□□□□ করছে বলে জানান তিনি।

ঘটনার পর বিএনপি নেতা তানভীর সিরাজের ঘনিষ্ঠ কানা আখতারকে আটক করা হয়।পুলিশ জানায়, তানভীর সিরাজ এর আগেও পুলিশের কাজে বাধা দিয়েছেন ও আসামিকে গাড়িতে করে পালাতে সহায়তা করেছিলেন।

এদিকে, পুলিশের কয়েকজন সদস্য নাম প্রকাশ না করার শর্তে জানান, সন্ত্রাসীদের বিরুদ্ধে

কঠোর ব্যবস্থা না নিলে পুলিশের নিরাপত্তা হুমকির মুখে পড়বে।পুলিশ ইতোমধ্যে ঘটনাস্থল থেকে ছয়টি মোটরসাইকেল, একটি গাড়ি ও মাদক উদ্ধার করেছে।

গাজীপুর মহানগর পুলিশের এক ঊর্ধ্বতন কর্মকর্তা বলেন, "অপরাধীদের রাজনৈতিক পরিচয় যাই হোক, কাউকে ছাড় দেওয়া হবে না।"

পুলিশ আওয়ামী লীগপন্থী সন্ত্রাসী গাজীপুর

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:11

URL: https://www.timestodaybd.com/national/3673953752